# বাংলাদেশের সঙ্গে উত্তেজনা চাই না ভারত: রাজনাথ সিং



সংগৃহীত ছবি

ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, নয়াদিল্লি বাংলাদেশকে অপ্রয়োজনীয় উত্তেজনার মধ্যে ফেলতে চায় না। তিনি বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে সতর্ক থাকার পরামর্শও দিয়েছেন।

নেটওয়ার্ক১৮ গ্রুপের প্রধান সম্পাদক রাহুল যোশীকে একান্ত সাক্ষাৎকারে রাজনাথ সিং বলেন, ভারত প্রতিবেশীদের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে চাইছে। তিনি উল্লেখ করেন, দেশ যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে সক্ষম, তবে তার লক্ষ্য হলো উত্তেজনা তৈরি না করা।

ফার্স্টপোস্টের প্রতিবেদনে বলা হয়েছে, গত বছর শেখ হাসিনার সরকারের পতনের পর দুই দেশের সম্পর্ক কিছুটা টানাপোড়েনপূর্ণ হয়। সেই সময় শেখ হাসিনা দেশ ছাড়ার পর নোবেলজয়ী অধ্যাপক ইউনূস বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। বর্তমানে শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন।

LENS ASIA